গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬১.০২৯.০০২.২০১৭/ ১০৮৯

তারিখঃ ০২ আশ্বিন, ১৪২৪
১৭ সেপ্টেম্বর, ২০১৭

**বিষয়ঃ ১৮-তম "Fiscal Economics and Economic Management (FEEM)"-শীর্ষক প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৪/০৯/২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৯০.২৫.০০৫.১৭-২১১ সংখ্যক পত্রের অনুলিপি প্রেরণপূর্বক পত্রের মর্মানুযায়ী উপ-সচিব, সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিব ও সমপর্যায়ের যোগ্যতাসম্পন্ন উল্লিখিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে আগ্রহী ক্যাডার কর্মকর্তাগণের নামের তালিকা আগামী ২১/০৯/২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭/৯/১৭

(সাজিয়া আফরীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯১৩০
Email: sas_admin1@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ঢাকা।
৪. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৫. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৮. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৯. পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১০. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১. সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
১২. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশিক্ষণ শাখা
Website: www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৯০.২৫.০০৫.১৭-২১১

তারিখ: ২০ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ১৮তম "Fiscal Economics and Economic Management (FEEM)"- শীর্ষক প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: আইপিএফ এর স্মারক নং: আইপিএফ/১৯/ট্রেনিং (FEEM)/২০১৬-৬৩; তারিখ: ২২/০৮/২০১৭ খ্রিস্টাব্দ।

একটি দক্ষ ও প্রশিক্ষিত কর্মকর্তাগোষ্ঠী তৈরির মাধ্যমে সরকারের চলমান আর্থিক খাতের সংস্কারকে টেকসই করার লক্ষ্যে ঢাকার সেগুনবাগিচাস্থ Institute of Public Finance Bangladesh (১ম ১২ তলা ভবন, ৮ম তলা, সেগুনবাগিচা, ঢাকা)-এ আগামী ২২ অক্টোবর, ২০১৭ খ্রি: সময়ে ১০ (দশ) সপ্তাহব্যাপী ১৮-তম "Fiscal Economics and Economic Management (FEEM)" শীর্ষক পূর্ণকালীন প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

০২। এ কোর্সে উপসচিব, সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিব ও সমপর্যায়ের চাকুরি স্থায়ী হয়েছে এমন বিসিএস ক্যাডারভুক্ত (বয়স অনূর্ধ্ব ৪৫ বছর) কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। অর্থনীতি, হিসাব বিজ্ঞান, ব্যবসা প্রশাসন, ব্যবস্থাপনা, ফিন্যান্স, পরিসংখ্যান, গণিত এবং আর্থিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিপ্রাপ্ত কর্মকর্তাগণ এ কোর্সের জন্য অগ্রাধিকার পাবেন। অর্থনৈতিক ব্যবস্থাপনা, অর্থ ব্যবস্থাপনা, উন্নয়ন পরিকল্পনা, বাজেটিং, একাউন্টিং এবং অডিটিং বিষয়ে পর্যাপ্ত কর্ম অভিজ্ঞতাসম্পন্ন ও ইংরেজি ভাষায় দক্ষতাসম্পন্ন কর্মকর্তাগণ এ কোর্সের জন্য সবচেয়ে উপযোগী। যে সকল কর্মকর্তা ইতোমধ্যে MAAB/ FEEM কোর্সে অংশগ্রহণ করেছেন তারা এ কোর্সে আবেদনের জন্য বিবেচিত হবেন না এবং যারা বিদেশে ইতোমধ্যে মাস্টার্স/পিএইচডি পর্যায়ে অধ্যয়ন করেছেন ও ডিগ্রিপ্রাপ্ত হয়েছেন তারা এ কোর্সে আবেদন করতে পারবেন, তবে এ কোর্সের আওতায় বিদেশে উচ্চতর অধ্যয়নের জন্য মনোনীত হবেন না।

০৩। এমতাবস্থায়, উক্ত কোর্সের জন্য তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধীন দপ্তরের উল্লিখিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী ক্যাডার কর্মকর্তাগণের মনোনয়ন আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সিনিয়র সহকারী সচিব, প্রশিক্ষণ শাখা, কক্ষ নং:২৩০, ভবন নং: ০৭, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। আবেদনের নির্ধারিত ফরম, বিজ্ঞপ্তির কপি ও FEEM কোর্সের গাইড লাইন অর্থ বিভাগের website (www.mof.gov.bd/training/local training/FEEM application form/FEEM Guideline)-এ পাওয়া যাবে। উল্লেখ্য যে, আবেদনের জন্য নির্ধারিত ফরম অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ হলে কোনক্রমেই তা গ্রহণযোগ্য হবে না। এতে যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষর থাকতে হবে।

০৪। মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ থেকে চূড়ান্ত মনোনয়ন আদেশ জারি করা হবে এবং শুধুমাত্র চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণই আলোচ্য প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। চূড়ান্ত মনোনয়নের আদেশ কোর্স শুরুর পূর্বে অর্থ বিভাগের Website হতে সংগ্রহ করা যাবে।

০৫। উক্ত কোর্স সংক্রান্ত যেকোন তথ্যের জন্য এ বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ রাজিবুল আহসান *(মোবাইল নম্বর: ০১৭২০২৩৭৭৭৭)* এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

স্বা:/-
(মিলিয়া শারমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৯৫৭৬০১৮
E-mail: trainingsection.fd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ / মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে-বাংলা নগর, ঢাকা।
৬. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু ভবন, নতুন এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২।
৯. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।